

## জ্ঞানমূলক প্রশ্ন:

১. ‘সুখী মানুষ’ নাটিকার নাট্যকার কে?
২. দ্বিতীয়বার রহমত লোককে কত টাকা দিতে চাইল?
৩. ‘সুখী মানুষ’ নাটিকার শেষ সংলাপটি কার?
৪. ‘সুখী মানুষ’ নাটিকার শেষ সংলাপটি কার সম্পর্কে?
৫. ‘সুখী মানুষ’ নাটিকাটিতে কটি দৃশ্য রয়েছে?
৬. নাটিকার প্রথম সংলাপটি কার উদ্দেশ্যে করা?
৭. রহমত প্রথমে লোককে কত টাকা দিতে চেয়েছিল?
৮. ‘তাহলে আমি হাউমাউ করে কাঁদতে লেগে যাব’- সংলাপটি কার?
৯. কুঁড়েঘরটিতে কে থাকে?
১০. ‘সুখী মানুষ’ নাটিকায় বয়োকনিষ্ঠ চরিত্র কোনটি?
১১. কুঁড়েঘরের সামনে হাসু ও রহমত গালে হাত দিয়ে কী ভাবছিল?
১২. বনের লোকটি কেন নিজেকে সুখী মনে করে?
১৩. রহমত সুখী লোকটিকে একশ টাকা বখশিশ দিতে চায় কেন?
১৪. ‘সুখী মানুষ’ নাটিকায় ধনী হওয়ার পরও মোড়লের জীবনে শান্তি নেই কেন?
১৫. ‘সুখী মানুষ’ নাটিকাটির শিক্ষণীয় বিষয় কী?

**সৃজনশীল প্রশ্ন:**

মাসুদ সাহেব শেয়ারবাজারে সামান্য অর্থ বিনিয়োগ করে লাভবান হন। পরে আরো লাভের আশায় স্ত্রীর সব গয়না বিক্রি করে সেই টাকা শেয়ারবাজারে বিনিয়োগ করেন। কিন্তু হঠাৎ শেয়ারবাজারে ধস নামলে লাভ তো দূরে থাক, মূলধন হারিয়ে এখন অশান্তিতে ভুগছেন। অন্যদিকে আমিন সাহেব বন্ধু মাসুদ সাহেবের কথায় শেয়ারবাজারে অর্থ বিনিয়োগ করতে রাজি হননি। মাসুদ সাহেব অনুরোধ করলে তিনি বলেছিলেন, ‘এক লাফে গাছে উঠতে চাই না। আল্লাহ আমাকে যা দিয়েছেন, তাতেই আমি সুখী।’

- ক) ‘সুখী মানুষ’ নাটিকার প্রথম সংলাপটি কার?
- খ) হাসু কেন মোড়লের মৃত্যু চায়?
- গ) আমিন সাহেবের সঙ্গে ‘সুখী মানুষ’ নাটিকার কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো।
- ঘ) ‘মোড়ল যদি মাসুদ সাহেবের মতো না হয়ে আমিন সাহেবের মতো হতেন, তাহলে তার চিকিৎসার জন্য সুখী মানুষের জামা খুঁজতে হতো না’- বিশ্লেষণ করো।